

জনতা ব্যাংক পিএলসি.

প্রধান কার্যালয়

১১০, মতিঝিল বা/এ

ঢাকা।

Website: www.jb.com.bd

রিস্ক ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

ফোন: ৫৫১১০০৩৭

নির্দেশ বিজ্ঞপ্তি নম্বর: ১২৬৩/২৪

তারিখ: ০২ জুন ২০২৪
১৯ জ্যৈষ্ঠ ১৪৩১

সকল মহাব্যবস্থাপক/উপমহাব্যবস্থাপক
একান্ত সচিব, এমডি এন্ড সিইও এবং সকল উপব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক
জনতা ব্যাংক পিএলসি.
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/
লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/এরিয়া অফিস/
সকল শাখা এবং সকল সাবসিডিয়ারি কোম্পানি।

বিষয়: ঋণ ও অগ্রিম-এর সুদহার পুনঃনির্ধারণ।

প্রিয় মহোদয়,

ঋণ ও অগ্রিমের সুদহার বিষয়ে জারিকৃত প্রধান কার্যালয়ের নির্দেশ বিজ্ঞপ্তি ১২২১/২০২৩ তারিখ ০২.০৮.২০২৩ এবং নির্দেশ বিজ্ঞপ্তি ১২৫৯/২৪ তারিখ ১৭.০৮.২০২৪-এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা হলো। বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্ণীত রেফারেন্স রেট SMART-এর ওপর ভিত্তি করে ঋণ ও অগ্রিম-এর সুদহার নির্ধারণ করার নির্দেশনার প্রেক্ষিতে নির্দেশ বিজ্ঞপ্তি ১২২১/২০২৩ তারিখ ০২.০৮.২০২৩ এবং নির্দেশ বিজ্ঞপ্তি ১২৫৯/২৪ তারিখ ১৭.০৮.২০২৪ জারি করা হয়।

২. এক্ষণে, আন্তর্জাতিক উত্তম চর্চা অনুসরণের মাধ্যমে ব্যাংক ঋণের সুদহার সম্পূর্ণরূপে বাজারভিত্তিক করার লক্ষ্যে ঋণের সুদহার নির্ধারণের ক্ষেত্রে SMART ভিত্তিক সুদহার ব্যবস্থা প্রত্যাহার এবং ব্যাংক খাতে ঋণের চাহিদা ও ঋণযোগ্য তহবিলের যোগান সাপেক্ষে ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে ঋণের সুদহার নির্ধারিত করার নির্দেশনা প্রদান করে বাংলাদেশ ব্যাংক কর্তৃক বিআরপিডি সার্কুলার নং-১০ তারিখ: ০৮.০৫.২০২৪ জারি করা হয়েছে। বাংলাদেশ ব্যাংকের নির্দেশনার প্রেক্ষিতে ঋণ ও অগ্রিম-এর সুদহার পুনঃনির্ধারণের বিষয়টি পরিচালনা পর্ষদের ৩১ মে ২০২৪ তারিখে অনুষ্ঠিত ৮১৬ তম সভায় অনুমোদিত হয়েছে।
৩. ঋণ ও অগ্রিমের পুনঃনির্ধারিত সুদহার পরিশিষ্ট-১ এ সংযুক্ত করা হলো যা ০৮.০৫.২০২৪ হতে সকল ঋণ ও অগ্রিম-এর ক্ষেত্রে কার্যকর হবে।

সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ বিজ্ঞপ্তি জারি করা হলো।


০২.০৬.২০২৪
সুলতানা রাজিয়া
উপমহাব্যবস্থাপক

আপনাদের বিশ্বস্ত,


০২-০৬-২০২৪
মেহের সুলতানা
মহাব্যবস্থাপক

ক্রম	ঋণ ও অগ্রিমের খাতসমূহ	পূর্বের সুদহার	পুনর্নির্ধারিত সুদহার
১.	কৃষি ঋণ:		
	ক) বিভিন্ন মৌসুমি শস্য/ফসল উৎপাদন ঋণ কর্মসূচিসমূহ	SMART+২%	১২%
	খ) ৪% রেয়াতি হার সুদে ডাল, তৈলবীজ, মসলা জাতীয় ফসল ও ভুট্টাচাষ ঋণ কর্মসূচি এবং লবণ উৎপাদন ঋণ কর্মসূচি	৪%	৪%
	গ) সেচ ও কৃষি যন্ত্রপাতি ঋণ কর্মসূচিসমূহ	SMART+২%	১২%
	ঘ) মৎস্য সম্পদ খাতে ঋণ কর্মসূচিসমূহ	SMART+২%	১২%
	ঙ) প্রাণিসম্পদ খাতে ঋণ কর্মসূচিসমূহ	SMART+২%	১২%
	চ) অন্যান্য কৃষি ঋণ	SMART+২%	১২%
	অকৃষি ঋণ:		
	ক) তাঁত ঋণ কর্মসূচি	SMART+২%	১২%
	খ) জমি বন্ধকী ঋণ কর্মসূচি	SMART+২%	১২%
	গ) দারিদ্র্য/খড়াপীড়িত এলাকায় বিশেষ ঋণ কর্মসূচি	SMART+২%	১২%
	ঘ) পল্লী পরিবহন ঋণ	SMART+২%	১২%
২.	ক) পল্লী ঋণ:		
	বহুমুখী তদারকি ঋণ, স্বনির্ভর ঋণ, শস্য গুদাম ঋণ, ঘরোয়া/পরিবারভিত্তিক ক্ষুদ্র ঋণ, প্রতিবন্ধীদের জন্য ঋণ, গ্রামীণ নারী কর্মসংস্থান ঋণ, পল্লী পরিবহন ঋণ, এসএফডিপি, বিআরডিবি, জৈব সার উৎপাদন ঋণ, কেঁচো কম্পোস্ট সার উৎপাদন ঋণ, প্রশিক্ষিত যুবদের জন্য ঋণ, ক্ষুদ্র ব্যবসা উন্নয়ন ঋণ, পল্লী গৃহনির্মাণ ঋণ, বাই-সাইকেল ঋণ, ভাতা প্রাপ্ত মুক্তিযোদ্ধা ঋণ, নারীবান্ধব স্কুটার ঋণ এবং মহিলা উদ্যোক্তা অর্থায়ন কর্মসূচী ঋণ	SMART+২%	১২%
	খ) পল্লী ও অন্যান্য ঋণ:		
	এনজিও লিংকেজ ঋণ/এনবিএফআই এবং বৈদেশিক চাকুরীতে নিয়োগপ্রাপ্তদের জন্য ঋণ	SMART+৩%	১৩%
	গ) কনজুমারস ফাইন্যান্সিং:		
	পার্সোনাল লোন, কনজুমারস ক্রেডিট, চাকুরিজীবী ঋণ, ডক্টরস লোন, অটো লোন, গৃহ সংস্কার লোন, এবং আইসিটি ঋণ	SMART+৩%	১৩%
৩.	বিশেষায়িত ঋণ:		
	নারী উদ্যোক্তাদের বিশেষ ঋণ (নি:বি: ২৩৩, তারিখ: ০৫/০৯/২০১০)	ব্যাংক রেট+৪%	১২%
৪.	খাত: গ্রীন ফাইন্যান্সিং (পরিবেশ বান্ধব পণ্য/প্রকল্প/উদ্যোগে অর্থায়ন) নির্দেশ বিজ্ঞপ্তি ১২৩৯/২৩ তারিখ: ১১/১২/২০২৩ ও নির্দেশ বিজ্ঞপ্তি নং- ২২১/১০ তারিখ: ০৪.০৮.২০১০ অনুযায়ী। নতুন পণ্য তালিকার জন্য বাংলাদেশ ব্যাংকের SFD সার্কুলার নং-০৩ তারিখ: ২২.১০.২০২৩ অনুসরণীয়। সৌর প্যানেল, বায়োগ্যাস প্লান্ট/সমন্বিত গাভী পালন ও বায়োগ্যাস প্লান্ট, বর্জ্য পরিশোধন প্ল্যান্ট (Effluent Treatment Plant-ETP), ইট ভাটায় কার্বন নির্গমন হ্রাসের উদ্দেশ্যে (Hybrid Hoffman Kiln-HHK)/সমমানের প্রযুক্তি সম্পন্ন প্ল্যান্ট স্থাপন, সোলার ইরিগেশন পাম্পিং সিস্টেম এবং বাংলাদেশ ব্যাংক নির্ধারিত পরিবেশবান্ধব অন্যান্য পণ্য/উদ্যোগের ক্ষেত্রে (বাংলাদেশ ব্যাংকের নীতিমালা অনুযায়ী) i) ব্যাংকের নিজস্ব অর্থায়ন ii) পুনঃঅর্থায়নের আওতায় (বাংলাদেশ ব্যাংক বা সরকার কর্তৃক গঠিত প্রণোদনা প্যাকেজ/বিশেষ তহবিল/পুনঃঅর্থায়ন/প্রাক-অর্থায়ন তহবিলের আওতায় প্রদত্ত ঋণের সুদহার নির্ধারণে সংশ্লিষ্ট তহবিলের জন্য প্রণীত নীতিমালা প্রযোজ্য হবে)		
৫.	শিল্প/প্রকল্প ঋণ:		
	ক. বৃহৎ ও মাঝারী শিল্পে প্রকল্প ঋণ (কৃষি ভিত্তিক শিল্প ব্যতীত):	SMART+৩%	১৩%
	খ. কৃষি ভিত্তিক প্রকল্প ঋণ (Agro Based Project Loan)	SMART+২%	১৩%
	গ. ক্ষুদ্র ও কুটির শিল্পে প্রকল্প ঋণ	SMART+৩%	১৩%
৬.	শিল্প/প্রকল্প/ বাণিজ্যিক খাতে চলতি মূলধন ঋণ সিসি-(হাইপো) ও সিসি-(প্লেক্স):		
	ক. বৃহৎ ও মাঝারী শিল্পে চলতি মূলধন ঋণ (Working Capital)	SMART+৩%	১৩%
	খ. কৃষি ভিত্তিক প্রকল্পে চলতি মূলধন ঋণ	SMART+২%	১৩%
	গ. ক্ষুদ্র ও কুটির শিল্পে চলতি মূলধন ঋণ	SMART+৩%	১৩%
	ঘ. ব্যবসা খাতে চলতি মূলধন ঋণ	SMART+৩%	১৩%
	ঙ. সেবা খাতে চলতি মূলধন ঋণ	SMART+৩%	১৩%
	চ. ইট ভাটায় চলতি মূলধন ঋণ	SMART+৩%	১৩%
৭.	এসওডি ঋণ: এসওডি (F/O) (জনতা ব্যাংকের এফডিআর এবং অন্যান্য ডিপোজিট স্কীমের বিপরীতে)	সংশ্লিষ্ট হিসাবের সুদহার + ৩%	সংশ্লিষ্ট হিসাবের সুদহার + ৩%



মেহের সুলতানা
সহকারী ব্যবস্থাপক

ক্রম	ঋণ ও অগ্রিমের খাতসমূহ	পূর্বের সুদহার	পুনঃনির্ধারিত সুদহার
৮.	ওয়েজ আর্নারস ডেভেলপমেন্ট বন্ড, ইউএস ডলার ইনভেস্টমেন্ট বন্ড ও ইউএস ডলার প্রিমিয়াম বন্ড এর বিপরীতে ঋণ:		
	ক. ওয়েজ আর্নারস ডেভেলপমেন্ট বন্ডের বিপরীতে ঋণ/অগ্রিম	SMART+৩%	১৩%
	খ. ইউএস ডলার ইনভেস্টমেন্ট বন্ডের বিপরীতে ঋণ/অগ্রিম	SMART+৩%	১৩%
	গ. ইউএস ডলার প্রিমিয়াম বন্ডের বিপরীতে ঋণ/অগ্রিম	SMART+৩%	১৩%
	অনুসরণীয় শর্তাবলী:- ১. ইউএস ডলার ইনভেস্টমেন্ট বন্ড, ইউএস ডলার প্রিমিয়াম বন্ড এবং ওয়েজ আর্নারস ডেভেলপমেন্ট বন্ড সম্পর্কিত সরকারী নির্দেশনা প্রযোজ্য হবে। ২. উক্ত বন্ড লিয়েন/জামানত রেখে ঋণ প্রদানের ক্ষেত্রে SOD (FO) নীতিমালা, এফডি সার্কুলার নং-১৯৭/১৬ তারিখ ২০.১২.২০১৬ এবং এতদবিষয়ে সময়ে সময়ে পরিবর্তিত নির্দেশনা অনুসরণীয় হবে।		
৯.	রপ্তানি খাতে অর্থায়ন:-		
	ক. ইসিসি (হাঃ ও প্লেজ) তৈরি পোশাক, হিমায়িত খাদ্য ও কৃষি পণ্যভিত্তিক রপ্তানি ঋণ, চামড়া ও চামড়াজাত পণ্য রপ্তানির উদ্দেশ্যে চলতি মূলধন ঋণ নোট: প্রতিটি ড্রয়িং ১২০ দিনের মধ্যে সমন্বয় করা হলে পুনঃনির্ধারিত সুদহার প্রযোজ্য হবে।	SMART+২%	১২%
	খ. প্যাকিং ক্রেডিট (পিসি) (নিঃ বিঃ ৩৫৬০ মোতাবেক ঋণপত্র/ চুক্তিপত্রের বিপরীতে চলতি মূলধন) নোট: ৪৫ দিনের মধ্যে সমন্বয় করা হলে পুনঃনির্ধারিত সুদহার প্রযোজ্য হবে।	SMART+২%	১২%
	গ. পিএডি (ইডিএফ) : এফডি সার্কুলার নং ৩৭০ তারিখ ০৫/০৫/২০২২ মোতাবেক (বাংলাদেশ ব্যাংক নির্ধারিত ইডিএফ এর সাধারণ সুদহার ৪.৫% + ১.০% = ৫.৫%)	৫.৫%	৫.৫%
	ঘ. লোন ইডিএফ: এফডি সার্কুলার নং ৩৯৭ তারিখ ০৭/০২/২০২৩ মোতাবেক (বাংলাদেশ ব্যাংক হতে প্রাপ্ত ফান্ড, বাংলাদেশ ব্যাংক কর্তৃক সময়ে সময়ে জারীকৃত সার্কুলার দ্বারা নির্ধারিত সুদ যা পরিবর্তনশীল)	৪.৫%	৪.৫%
	ঙ. লোন ইডিএফ: এফডি সার্কুলার নং ৪০২ তারিখ ২৩/০৩/২০২৩ মোতাবেক (বাংলাদেশ ব্যাংক এ ইডিএফ দায়ের ওভারডিউকালীন সময়ের জন্য অর্থাৎ মেয়াদোত্তীর্ণ সময় হতে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ফান্ড কর্তনের তারিখ পর্যন্ত আরোপিত দণ্ডসুদসহ মোট সুদ, যা বর্তমানে সাধারণ সুদ ৪.৫% + দণ্ড সুদ ৪.০% = ৮.৫%)	৮.৫%	৮.৫%
	চ. রপ্তানি সহায়ক প্রাক-অর্থায়ন তহবিল(ইএফপিএফ): নির্দেশ বিজ্ঞপ্তি নং- ১১৮৫/২৩ তারিখ ৩০/০১/২০২৩ মোতাবেক বাংলাদেশ ব্যাংক হতে প্রাপ্ত ফান্ড, বাংলাদেশ ব্যাংক কর্তৃক সময়ে সময়ে জারীকৃত সার্কুলার দ্বারা নির্ধারিত সুদ যা পরিবর্তনশীল)	৪%	৫%
	ছ. সিসি (হাঃ) (নিঃবি: ৩৫৬০ অনুযায়ী) নোট: প্রতিটি ড্রয়িং ১২০ দিনের মধ্যে সমন্বয় করা হলে পুনঃনির্ধারিত সুদহার প্রযোজ্য হবে।	SMART+৩%	১৩%
	জ. লোন জেনারেল (নিঃবি: ৩৫৬০ অনুযায়ী) নোট:পরিশোধসূচী অনুযায়ী যথাসময়ে কিস্তি পরিশোধ করা হলে পুনঃনির্ধারিত সুদহার প্রযোজ্য হবে।	SMART+৩%	১৩%
	ঝ. রপ্তানি খাতে প্রাপ্য নগদ সহায়তার বিপরীতে ঋণ নোট: নির্দিষ্ট মেয়াদের মধ্যে পরিশোধ করা হলে পুনঃনির্ধারিত সুদ হার প্রযোজ্য হবে।	SMART+৩%	১৩%
	ঞ. এলডিবিপি/এফডিবিপি/এফডিবিপি (জিএমটি)	SMART+৩%	১৩%
	ট. এলটিআর (এফসি) {নিঃবি: ৪৪/০৮ অনুযায়ী} নোট: মঞ্জুরি পত্রের শর্তানুযায়ী পরিশোধ করা হলে পুনঃনির্ধারিত সুদহার প্রযোজ্য হবে।	SMART+৩%	১৩%
	ঠ. রপ্তানি প্রকল্পে বিএমআরই (নিঃবি: ১৩৯/০৯ অনুযায়ী) নোট: মঞ্জুরিপত্রের শর্তানুযায়ী পরিশোধ করা হলে পুনঃনির্ধারিত সুদ হার প্রযোজ্য হবে।	SMART+৩%	১৩%
	ড. ডিমান্ড লোন (বিবিএলসি) নোট: ডিমান্ড লোন সৃষ্টি হবার ৩০ দিনের মধ্যে সমন্বয় করা হলে পুনঃনির্ধারিত সুদহার প্রযোজ্য হবে।	SMART+৩%	১৩%
	রপ্তানি খাতে অর্থায়ন (অনুসরণীয় শর্তাবলী):- ১. ক্রমিক ৯ (ক) এ বর্ণিত ঋণের ক্ষেত্রে:- (i) প্রত্যাবাসিত রপ্তানি মূল্য দ্বারা পরিশোধিত হলে ঋণ বিতরণের সময় হতে ঋণের সুদের হার হবে ১২.০০%। এছাড়াও মেয়াদোত্তীর্ণ হলে অতিরিক্ত ১.৫% দণ্ড সুদ আরোপযোগ্য হবে। (ii) প্রত্যাবাসিত রপ্তানি মূল্য দ্বারা পরিশোধিত না হলে ঋণ বিতরণের সময় হতে ঋণের সুদের হার হবে ১৩.০০%। এছাড়াও মেয়াদোত্তীর্ণ হলে অতিরিক্ত ১.৫% দণ্ড সুদ আরোপযোগ্য হবে। ২. ক্রমিক ৯(খ) এ বর্ণিত ঋণ সুবিধার ক্ষেত্রে ৪৫ দিন এর অতিরিক্ত সময়ের জন্য সুদের হার হবে ১৩.০০%। এছাড়াও মেয়াদোত্তীর্ণ হলে অতিরিক্ত ১.৫% দণ্ড সুদ আরোপযোগ্য হবে। ৩. ক্রমিক ৯(গ) এ বর্ণিত ঋণের মেয়াদ ৩০ দিন পর্যন্ত সুদ হার হবে ৫.৫% (৪.৫০%+এফডি সার্কুলার নং ৩৭০ তারিখ ০৫/০৫/২০২২ অনুযায়ী ১%)। বাংলাদেশ ব্যাংক হতে ফান্ড পাওয়া না গেলে পরবর্তী ৩০ দিন পর্যন্ত ১২% সুদহার প্রযোজ্য হবে। ৬১ দিন থেকে ঋণ হিসাবটি মেয়াদোত্তীর্ণ হবে এবং সুদের হার হবে ১৩.০০%। এছাড়াও মেয়াদোত্তীর্ণ হলে অতিরিক্ত ১.৫% দণ্ড সুদ আরোপযোগ্য হবে। কোনো কারণে ইডিএফ-এর আওতায় প্রাপ্যতার অতিরিক্ত পিএডি (ইডিএফ) সৃষ্টি হলে অতিরিক্ত দায়ের ওপর সাধারণ সুদহার ১৩.০০% প্রযোজ্য হবে এবং পিএডি (ইডিএফ) সৃষ্টির সময় থেকেই ঋণ হিসাবটি মেয়াদোত্তীর্ণ হবে ও অতিরিক্ত ১.৫% দণ্ড সুদ আরোপযোগ্য হবে। ৪. ক্রমিক ৯(ঘ, ঙ) এ বর্ণিত ঋণ যথাসময়ে পরিশোধিত/সমন্বিত না হলে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জনতা ব্যাংকের ফান্ড কর্তন করে সমন্বয় করা হলে ডিমান্ড লোন ইডিএফ দায় সৃষ্টি হবে এবং কর্তনকালীন সময় থেকে সুদহার হবে ১৩.০০% এবং কর্তনের সময় থেকেই ঋণ হিসাবে অতিরিক্ত ১.৫% দণ্ড সুদ আরোপযোগ্য হবে। ৫. ক্রমিক ৯(চ) এ বর্ণিত ঋণ যথাসময়ে পরিশোধিত/সমন্বিত না হলে ঋণের সুদহার হবে ১৩.০০%। এছাড়াও মেয়াদোত্তীর্ণ হলে অতিরিক্ত ১.৫% দণ্ড সুদ আরোপযোগ্য হবে। ৬. ক্রমিক ৯(ছ-ড) এ বর্ণিত ঋণ সুবিধার ক্ষেত্রে ঋণ মেয়াদোত্তীর্ণ হলে বা যথাসময়ে ঋণ পরিশোধিত/সমন্বিত না হলে অতিরিক্ত ১.৫% দণ্ড সুদ আরোপযোগ্য হবে।		

Paw



৩/৮

সুলতানা
সহকারী প্রকল্প

ক্রম	ঋণ ও অগ্রিমের খাতসমূহ	পূর্বের সুদহার	পুনঃনির্ধারিত সুদহার
১০.	আমদানি খাতে অর্থায়ন:		
	ক. পিএডি (Cash/Wes/ Aid) নোট: পিএডি দায় সৃষ্টি (Nostro Account Debit হবার দিন থেকে) হবার ৩০ দিনের মধ্যে সমন্বয় করলে পুনঃনির্ধারিত সুদ হার প্রযোজ্য হবে।	SMART+৩%	১৩%
	খ. লিম নোট: মঞ্জুরিপত্রের শর্তানুযায়ী পরিশোধ করা হলে পুনঃনির্ধারিত সুদহার প্রযোজ্য হবে।	SMART+৩%	১৩%
	গ. এলটিআর নোট: মঞ্জুরিপত্রের শর্তানুযায়ী পরিশোধ করা হলে পুনঃনির্ধারিত সুদহার প্রযোজ্য হবে।	SMART+৩%	১৩%
	ঘ. ডিমান্ড লোন (ক্যাশ) নোট: ট্রেমাসিক ভিত্তিতে চক্রবৃদ্ধি হারে সুদ আরোপ করতে হবে।	SMART+৩%	১৩%
	অনুসরণীয় শর্তাবলী:-		
	১. পিএডি (Cash/Wes/Aid) দায় সৃষ্টির ৩০ দিনের মধ্যে গ্রাহক কর্তৃক পরিশোধ করা না হলে নি:বি:-৮৫০/১৮ তারিখ ১৩.১১.২০১৮-এর নির্দেশনা মেনে ফোর্সড ডিমান্ড লোন সৃষ্টি করে পিএডি হিসাবের দায় সমন্বয় করতে হবে।		
	২. ডিমান্ড লোন সৃষ্টির তারিখ হতে পুনঃনির্ধারিত সুদহারের অতিরিক্ত দণ্ড সুদ আরোপ করতে হবে।		
১১.	জনতা কেমার-স্বাস্থ্য সেবা ঋণ (নি:বি:-৮৪০/১৮)	SMART+৩%	১৩%
১২.	জনতা সাপোর্ট পেনশনভোগীদের জন্য বিশেষ ঋণ (নি:বি:-৮৭৮/১৯)	SMART+৩%	১৩%
১৩.	জনতা ব্যাংক শিক্ষা ঋণ (নি:বি:-১০৯০/২১)	SMART+৩%	১৩%
১৪.	জনতা সাপোর্ট পেনশনভোগীদের জন্য বিশেষ ঋণ (নি:বি:-৮৭৮/১৯)	SMART+৩%	১৩%
১৫.	শিক্ষা ঋণ	SMART+৩%	১৩%
১৬.	অন্যান্য ঋণ:		
	ক. পরিবহন ঋণ	SMART+৩%	১৩%
	খ. সাধারণ গৃহনির্মাণ ঋণ (একক গৃহ নির্মাণ ঋণ ও এপার্টমেন্ট ক্রয় ঋণ) (নি:বি:-৬২/০৮)	SMART+৩%	১৩%
	গ. কর্মশিফাল রিয়েল এস্টেট ঋণ (নি:বি:-১২০/০৯)	SMART+৩%	১৩%
	ঘ. কার্যাদেশ (ওয়ার্ক অর্ডার) এর বিপরীতে ঋণ	SMART+৩%	১৩%
	ঙ. ট্রাভেল এজেন্ট ঋণ	SMART+৩%	১৩%
	চ. ডায়াগনস্টিক ব্যবসার জন্য ঋণ	SMART+৩%	১৩%
	ছ. লোন জেনারেল (F/O) (জনতা ব্যাংকের এফডিআর এবং অন্যান্য ডিপোজিট স্কিমের বিপরীতে)	সংশ্লিষ্ট হিসাবের সুদহার + ৩%	সংশ্লিষ্ট হিসাবের সুদহার + ৩%
	জ. জাতীয় বিনিয়োগ বন্ড, আইসিবি ইউনিট, বীমা পলিসি, শেয়ার, ডিবেঞ্চার ইত্যাদির বিপরীতে ঋণ	SMART+৩%	১৩%
	ঝ. খাদ্য মন্ত্রণালয় (অভ্যন্তরীণ খাদ্য শস্য সংগ্রহসহ)	SMART+৩%	১৩%
	এ. সরকারি কর্মচারীদের জন্য ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে গৃহ নির্মাণ ঋণ (নি:বি:-৮৪৫/১৮, তারিখ:-২৩.১০.২০১৮) (সরল সুদে, ঋণগ্রহীতা ব্যাংক রেটের সমহারে যা বর্তমানে ৪% এবং অবশিষ্ট ৫% সরকার ভর্তুকি প্রদান করবে।)	৯%	৯%
	ট. পাবলিক বিশ্ববিদ্যালয় এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন-এর শিক্ষক/কর্মচারীদের জন্য ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে গৃহ নির্মাণ ঋণ (নি:বি:-৯৩১/২০, তারিখ: ২২.০৩.২০২০) (সরল সুদে, ঋণগ্রহীতা ব্যাংক রেটের সমহারে যা বর্তমানে ৪% এবং অবশিষ্ট ৫% সরকার ভর্তুকি প্রদান করবে।)	৯%	৯%
	ঠ. পরিবহন (জলযান) ঋণ	SMART+৩%	১৩%
১৭.	বিশেষ অর্থনৈতিক এলাকায় (SEZ) ঋণের উপর সুদহার (রাষ্ট্রমাটি, খাগড়াছড়ি এবং বান্দরবান এলাকায় সকল কর্মসূচি/প্রকল্পে নির্ধারিত সুদহার হবে নিম্নরূপ। নিম্নের ক্রমিক ক এবং খ-এ উল্লেখিত সুদহার অ-উপজাতির ক্ষেত্রে প্রযোজ্য হবে না)		
	ক. উপজাতীয় মালিকানাধীন এবং উপজাতীয় ও অ-উপজাতীয় যৌথ মালিকানাধীন উৎপাদনমুখী প্রকল্প ঋণ ৫% সরল সুদে বার্ষিক ১০(দশ)টি কিস্তিতে পরিশোধযোগ্য।	৫%	৫%
	খ. উপজাতীয় মালিকানাধীন অন্যান্য সকল প্রকার ঋণের ক্ষেত্রেও ৫% সরল সুদহার প্রযোজ্য হবে।	৫%	৫%
১৮.	মুজিববর্ষ স্মারক ঋণ (বর্তমানে বিতরণ বন্ধ)	৫%	৫%
১৯.	ক্রেডিট কার্ড	১৪%	১৪%

অনুসরণীয় শর্তাবলী:-

ক. ০৮/০৫/২০২৪ হতে নতুন মঞ্জুরিকৃত/নবায়নকৃত/পুনঃতফসিলকৃত/পুনঃগঠনকৃত ঋণ ও অগ্রিমসহ বিদ্যমান সকল ঋণ ও অগ্রিমের ক্ষেত্রে পরিবর্তিত সুদহার প্রযোজ্য হবে।

খ. সকল ঋণ ও অগ্রিম-এর ক্ষেত্রে সুদহার হবে পরিবর্তনশীল। ঋণ ও অগ্রিম-এর সুদহার বিষয়ে মঞ্জুরিপত্রে অন্যান্য শর্তের সাথে আবশ্যিকভাবে নিম্নরূপ শর্ত উল্লেখ করতে হবে:-

“ ঋণ ও অগ্রিম-এর সুদহার পরিবর্তনশীল। তবে উক্ত পরিবর্তন বছরে ৪ বারে মোট ২% এর অধিক হবে না। তবে বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা মোতাবেক যে কোনো পরিবর্তন হতে পারে।”



৪/৫

মহের সুলতানা
সহকারী পরিচালক

গ. কোনো ঋণ অথবা ঋণের কিস্তি সম্পূর্ণ বা আংশিক মেয়াদোত্তীর্ণ (Overdue) হিসেবে চিহ্নিত হলে যে সময়ের জন্য মেয়াদোত্তীর্ণ হবে, উক্ত সময়ে চলমান ঋণ/তলবী ঋণের ক্ষেত্রে সম্পূর্ণ ঋণস্থিতির উপর এবং মেয়াদি ঋণের ক্ষেত্রে মেয়াদোত্তীর্ণ কিস্তির উপর ১.৫০ শতাংশ হারে দণ্ড সুদ আরোপ করতে হবে। অর্থাৎ:-

- ❖ চলমান ঋণসমূহ (সিএল-২ এ প্রদর্শিত) মেয়াদ উত্তীর্ণের পরের দিন হতে নির্দেশ বিজ্ঞপ্তিতে বর্ণিত সুদহারের পাশাপাশি সম্পূর্ণ ঋণস্থিতির উপর আরো ১.৫০ শতাংশ হারে দণ্ড সুদ আরোপ করে আদায় করতে হবে।
- ❖ তলবী ঋণসমূহ (সিএল-৩ এ প্রদর্শিত) মেয়াদ উত্তীর্ণের পরের দিন হতে নির্দেশ বিজ্ঞপ্তিতে বর্ণিত সুদহারের পাশাপাশি সম্পূর্ণ ঋণস্থিতির উপর আরো ১.৫০ শতাংশ হারে দণ্ড সুদ আরোপ করে আদায় করতে হবে।
- ❖ মেয়াদী ও অন্যান্য ঋণসমূহ (সিএল-৪ ও ৫ এ প্রদর্শিত) মেয়াদ উত্তীর্ণের পরের দিন হতে নির্দেশ বিজ্ঞপ্তিতে বর্ণিত সুদ হারের পাশাপাশি মেয়াদোত্তীর্ণ কিস্তির/অর্থের ওপর আরো ১.৫০ শতাংশ হারে দণ্ড সুদ আরোপ করে আদায় করতে হবে।

ঘ. ব্যাংক কর্তৃক ঘোষিত সুদহারের অতিরিক্ত কোনো সার্ভিস চার্জ আরোপ/আদায় করা যাবে না;

ঙ. বাংলাদেশ ব্যাংক বা সরকার কর্তৃক গঠিত প্রণোদনা প্যাকেজ/বিশেষ তহবিল/পুনঃঅর্থায়ন/প্রাক-অর্থায়ন তহবিলের আওতায় প্রদত্ত ঋণের সুদহার নির্ধারণে সংশ্লিষ্ট তহবিলের জন্য প্রণীত নীতিমালা প্রযোজ্য হবে।

চ. সুপারভিশন চার্জ সংক্রান্ত নির্দেশনা রহিত করা হলো।

তবে প্রযোজ্য সময়ের জন্য (০৭ মে ২০২৪ পর্যন্ত) সুপারভিশন চার্জ আরোপের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের বিআরপিডি সার্কুলার লেটার নং ১৪ তারিখ: ১৮ মার্চ ২০২৪-এর নির্দেশনা অনুসরণ করতে হবে।

ছ. ক্রেডিট কার্ডের সুদহার নির্ধারণের ক্ষেত্রে ক্রেডিট কার্ড সংক্রান্ত বিদ্যমান সার্কুলার/সার্কুলার লেটারে বর্ণিত নির্দেশনা বলবৎ থাকবে।

জ. সুদহার পরিবর্তনের ফলে গ্রাহকের ঋণের প্রদেয় কিস্তির পরিবর্তনের প্রয়োজনীয়তা দেখা দিলে কিস্তি পুনঃনির্ধারণ করতে হবে এবং এ বিষয়ে পূর্বে আবশ্যিকভাবে গ্রাহককে অবহিত করতে হবে।

ঝ. এফডিআর (তৃতীয় পক্ষের এফডিআরসহ)/ডিপোজিট স্কিমের বিপরীতে ঋণ প্রদানের ক্ষেত্রে বিদ্যমান মার্জিন ও ঋণের সুদহার পরিবর্তনের প্রয়োজন হলে তা ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও কর্তৃক অনুমোদিত হতে হবে (নি:বি:-১০৮৯/২১, তারিখ: ২২.১১.২০২১)।

ঞ. অন্য ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের এফডিআর/ডিপোজিট স্কিমের বিপরীতে ঋণ প্রদান নিরুৎসাহিত করা হলো। তবে ক্ষেত্র বিশেষে এরূপ ঋণ প্রদানের বাধ্যবাধকতা দেখা দিলে অবশ্যই প্রধান কার্যালয়ের পূর্ব অনুমোদন নিতে হবে। এক্ষেত্রে সুদহার হবে (সংশ্লিষ্ট হিসাবের সুদহার + ৩%) অথবা ব্যবসা খাতে চলতি মূলধন ঋণের সুদহার- এ দুয়ের মধ্যে যেটি বেশি।

ট. ০৮/০৫/২০২৪ হতে সার্কুলার জারির তারিখ পর্যন্ত সময়ের মধ্যে বন্ধ হওয়া ঋণ হিসাবসমূহ পুনঃনির্ধারিত সুদ হারের আওতা বহির্ভূত থাকবে।

ঠ. বিআরপিডি সার্কুলার নং-০৪ তারিখ ২৫ জানুয়ারি ২০১২ এর নির্দেশনা মোতাবেক সংশ্লিষ্ট মাসের ৭ তারিখের মধ্যে উক্ত মাসের ঘোষিত সুদহার বিবরণী Web Portal এর মাধ্যমে Enterprise Data Warehouse (EDW)-এ আপলোড চলমান থাকবে।

ড. নির্দেশ বিজ্ঞপ্তি ১২২১/২০২৩ তারিখ ০২ আগস্ট ২০২৩ এবং নির্দেশ বিজ্ঞপ্তি ১২৫৯/২৪ তারিখ ১৭ এপ্রিল ২০২৪-এর নির্দেশনা রহিত বলে গণ্য হবে।

ঢ. এতদসংক্রান্ত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

ণ. ঋণের সুদহার বাস্তবায়নে কোনো স্পষ্টীকরণের প্রয়োজন হলে ঋণ সংশ্লিষ্ট ডিপার্টমেন্টে যোগাযোগ করা যেতে পারে (আরসিডি-১/আরসিডি-২/আরসিডি-৩/আরসিডি-৪/ এসএমই/ আইসিডি/আরপিএসডি/ সাসটেইনেবল ফাইন্যান্স ইফনিট/এফটিডি-এক্সপোর্ট/এফটিডি-ইম্পোর্ট)।

Puro



[Signature]

[Signature]
মহের সুলতানা
সহকারী ব্যবস্থাপক